গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.২৩.০০৫.১৯.৫৭৪

তারিখ : ৩০ চৈত্র ১৪৩১ / ১৩ এপ্রিল ২০২৫

বিষয় : 'জাতীয় আইনগত সহায়তা দিবস ২০২৫' এর উদ্বোধনী অনুষ্ঠানে আইন ও বিচার বিভাগ এবং আওতাধীন প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারীকে বাধ্যতামূলক উপস্থিতি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অধীন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা কর্তৃক আগামী ২৮ এপ্রিল ২০২৫ তারিখ রোজ সোমবার সারাদেশে 'জাতীয় আইনগত সহায়তা দিবস' উদযাপিত হবে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্তে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ হতে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা কর্তৃক আগামী ২৮ এপ্রিল ২০২৫ তারিখ রোজ সোমবার ওসমানী স্মৃতি মিলনায়তনে 'জাতীয় আইনগত সহায়তা দিবস' এর উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব ড. আসিফ নজরুল।

০২। এমতাবস্থায় 'জাতীয় আইনগত সহায়তা দিবস ২০২৫' সুষ্ঠু ও সফলভাবে উদ্‌যাপনের লক্ষ্যে আইন ও বিচার বিভাগ এবং আওতাধীন প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারীকে আগামী ২৮ এপ্রিল ২০২৫ তারিখ রবিবার সকাল ৯.০০ ঘটিকার মধ্যে বাধ্যতামূলকভাবে ওসমানী স্মৃতি মিলনায়তনে উপস্থিতি থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩/০৪/২৫

(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjusticediv.gov.bd
ফোন: ০২-২২৩৩৫৭৪২

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মহাপ্রশাসক, সরকারি অছি এবং সরকারি রিসিভার, ঢাকা (সকল কর্মকর্তাকে যথাসময়ে উপস্থিত থাকার নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
২। মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা (সকল কর্মকর্তাকে যথাসময়ে উপস্থিত থাকার নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
৪। সচিব, আইন কমিশন, ঢাকা (সকল কর্মকর্তাকে যথাসময়ে উপস্থিত থাকার নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
৫। কর্মকর্তা (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা (সকল কর্মকর্তা ও কর্মচারীকে যথাসময়ে উপস্থিত থাকার নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
৭। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা (প্রশিক্ষণার্থীসহ সকল কর্মকর্তাকে যথাসময়ে উপস্থিত থাকার নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা (সকল কর্মকর্তাকে যথাসময়ে উপস্থিত থাকার নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
৯। প্রশাসনিক কর্মকর্তা (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১০। ব্যক্তিগত কর্মকর্তা (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১১। সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১২। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৩। ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৪। অফিস সহায়ক (সকল), আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

**জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অফিস কপি।